সার্ককে শক্তিশালী করার পক্ষে বাংলাদেশ-মালদ্বীপ



পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। ছবি: সংগৃহীত

দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা সার্ককে আরও কার্যকর ও গতিশীল করার প্রয়োজনীয়তার ওপর জোর দিয়েছেন মালদ্বীপের প্রেসিডেন্ট মোহামেদ মুইজ্জু ও বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান।

রোববার (২৬ জুলাই) পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। মালদ্বীপের ৬১তম স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে যোগ দিতে শনিবার মালে পৌঁছে প্রেসিডেন্ট মোহামেদ মুইজ্জুর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী।

সাক্ষাতে খলিলুর রহমান বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের পক্ষ থেকে মালদ্বীপের প্রেসিডেন্টকে শুভেচ্ছা জানান। একই সঙ্গে চলতি বছরের ফেব্রুয়ারিতে বাংলাদেশের নবনির্বাচিত সরকারের শপথ অনুষ্ঠানে অংশ নেওয়ায় এবং জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতির পদে তার প্রার্থিতাকে সমর্থন করায় মুইজ্জুর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

LENS ASIA

দুই নেতা বাংলাদেশ ও মালদ্বীপের বিদ্যমান সুসম্পর্কে সন্তোষ প্রকাশ করেন এবং দুই দেশের জনগণের কল্যাণে দ্বিপক্ষীয় সম্পর্ক আরও জোরদারের ওপর গুরুত্ব দেন। এ সময় তারা আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয় নিয়েও আলোচনা করেন।

মালদ্বীপে কর্মরত বিপুলসংখ্যক বাংলাদেশি কর্মী ও পেশাজীবীর অবদানের প্রশংসা করেন খলিলুর রহমান। প্রেসিডেন্ট মুইজ্জুও মালদ্বীপের অর্থনীতিতে বাংলাদেশিদের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা তুলে ধরেন।

সাক্ষাতে পারস্পরিক সম্মান ও অভিন্ন স্বার্থের ভিত্তিতে 'বাংলাদেশ ফার্স্ট' নীতির আলোকে সব দেশের সঙ্গে শক্তিশালী দ্বিপক্ষীয় সম্পর্ক বজায় রাখা বর্তমান সরকারের অগ্রাধিকার বলেও জানান পররাষ্ট্রমন্ত্রী।

পরে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর সম্মানে উচ্চপর্যায়ের চা-চক্রের আয়োজন করেন প্রেসিডেন্ট মুইজ্জু। এতে মালদ্বীপের ভাইস প্রেসিডেন্ট, মন্ত্রিসভার সদস্য ও জ্যেষ্ঠ কর্মকর্তারা অংশ নেন।